

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা

নং-৪৫.১৬৫.০৩২.১২.০০.০০১.২০১৭-২৬০

তারিখ: ২২-০৯-২০১৯ খ্রি:

বিষয়: হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (এইচএসএম) ওপি'র ২০১৯-২০২০ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ প্রশাসনিক অনুমোদন প্রদান

সূত্র: স্মারক নং-স্বা:অধি:/হ:সা:ম্যা:/ক্রয়-পরিকল্পনা (২০১৯-২০২০)/২০১৯/২৫৪, তারিখ: ২৬/০৮/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের শ্রেণিতে লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (এইচএসএম) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি'র ২০১৯-২০২০ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের ৭০ (সত্তর)টি প্যাকেজের বিপরীতে ৩০৬,৪৩.৩০ লক্ষ (তিনশত ছয় কোটি তেতাশিশ লক্ষ ত্রিশ হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে সিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজসমূহের ক্ষেত্রে OTM (ICB/NCB) (Open Tendering Method-National /International) অনুসরণ করতে হবে;
- (গ) গাড়ি ক্রয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব সম্মতি গ্রহণ করতে হবে;
- (ঘ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঙ) কোনক্রমেই অনুমোদিত ওপিতে সংস্থানকৃত পণ্য তালিকা ও প্রস্তাবিত মূল্যের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (চ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ছ) পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ১০০ (একশত) কোটি টাকার উর্ধ্বে ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বিবেচনার জন্য প্রেরণ করতে হবে।
- (জ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।